## উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির আগষ্ট/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ
তারিখ সময় ঃ ০৭/০৮/২০২৪ খ্রিঃ, সময় ঃ সকাল- ১০.৩০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ০১/০১/২০২৪ তারিখে শিশুদের মাঝে বই বিতরণ করা হয়েছে। শ্রেণিতে শিখন শেখানো কার্যক্রম চলছে। শীতের কারণে বিদ্যালয়গুলোতে শ্রেণি পাঠদান কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। শিক্ষকগন বিদ্যালয়ে যথানিয়মে অবস্থান করবেন। | উপজেলা শিক্ষা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০২ | **প্রাথমিক শিক্ষা ঃ** সভাপতি সভায় জানান যে, প্রাথমিক শিক্ষার বর্তমান অবস্থা পর্যালোচনা করা, প্রাথমিক শিক্ষার উন্নয়নে জনগণের দৃষ্টিভঙ্গি পরিবর্তনে কার্যকর ভূমিকা পালন করা ও অভিভাবকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা পরিষদে সুপারিশ উপস্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৩ | **প্রাথমিক স্কুল সংক্রান্ত ঃ** সভায় সকল প্রাথমিক বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করার জন্য সকল সদস্যকে অনুরোধ জানান। সকল প্রাথমিক স্কুলের প্রয়োজনীয় সংস্কার, মেরামত, পুনঃনির্মাণ সম্পর্কিত কার্যক্রম সঠিকভাবে হচ্ছে কিনা তা তত্ত্বাবধান করার এবং প্রয়োজনে, এই সমস্ত বিষয় নিয়ে উপজেলা প্রকৌশলীর সঙ্গে আলোচনা করার জন্য জন্য অনুরোধ জানান। | এই সমস্ত বিষয় নিয়ে উপজেলা প্রকৌশলীর সঙ্গে আলোচনা করার জন্য জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৪ | **বিদ্যালয় পরিচালনা কমিটি ঃ** সভাপতি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ রক্ষার মাধ্যমে শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণে কাজ করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য-কে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |
| ০৫ | **বিবিধ ঃ** সভাপতি জানান যে, জাতীয় শিক্ষা দিবস, গণশিক্ষা দিবস এবং অন্যান্য জাতীয় দিবসসমূহ পালনের জন্য বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা পরিষদে সুপারিশ উপস্থাপন করতে হবে। শিক্ষা বিষয়ক প্রকল্প গ্রহণ ও অনুমোদনের জন্য উপজেলা পরিষদকে সহযোগীতা করার জন্য সকলকে অনুরোধ জানান। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৮/২৪

**মোঃ জাকির হোসেন**
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- উশিঅ/পঞ্চ-সদর/ ৫৮৯/১

তারিখঃ ২৩ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। উপজেলা ........................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। প্রধান শিক্ষক,....................................................................................
০৪। জনাব.............................................................................................
সদস্য, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

০৮/০৭/২০২৫

(মোহাম্মদ মোমিনুল হক)
উপজেলা শিক্ষা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর,পঞ্চগড়।

## উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সভার উপস্থিতি

তারিখ-

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা শিক্ষা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, পঞ্চগড় ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৫৮৭

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৬ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ০৭/০৮/২০২৪ তারিখ রোজ বুধবার সকাল- ১০.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

**(মোহাম্মদ মোমিনুল হক)**
উপজেলা শিক্ষা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর,পঞ্চগড়।

বিতরণ ঃ

.................................................................
.................................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।